

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও শৃঙ্খলা
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৬


০৩ জুন ২০১৯

অফিস আদেশ

গত ২৯ মে ২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সচিব, ভূমি মন্ত্রণালয় আকস্মিকভাবে লালবাগ রাজস্ব সার্কেল ভূমি অফিস পরিদর্শন করেন। এই সময় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মো: আবদুল হক, সচিবের একান্ত সচিব জনাব মো: দৌলতুজ্জামান খান, সহকারী কমিশনার (ভূমি), লালবাগ রাজস্ব সার্কেল এবং দপ্তরের অন্যান্য সহকারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে উক্ত অফিসের কানুনগো জনাব এইচ এম মেজবাহ উদ্দিন-এর ব্যক্তিগত মোবাইল ফোন (০১৭১২৮১০৮৯৫)-এর কল লিস্ট হতে মেটাডোর আরিফ নামীয় মোবাইল ফোন (০১৯৭০০৮৩০১৫)-এ সকাল ১১.০১ ঘটিকায় ০২.১৮ মিনিটের কথাবার্তায় অবৈধ লেনদেন সংক্রান্ত প্রাথমিক তথ্যাদি পাওয়া যায়। তাৎক্ষণিকভাবে মেটাডোর আরিফ নামীয় ব্যক্তির সাথে ০১৭১২৮১০৮৯৫ নম্বর ফোন হতে পুনরায় ফোন করে যাচাই করে অবৈধ লেনদেনের বিষয়টি জানা যায়। জনাব এইচ এম মেজবাহ উদ্দিন, কানুনগো, লালবাগ রাজস্ব সার্কেল, ঢাকা-এর এহেন কার্যকলাপ অসদাচরণের সামিল।

০২। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী জনাব এইচ এম মেজবাহ উদ্দিন, কানুনগো, লালবাগ রাজস্ব সার্কেল, ঢাকা-কে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। জেলা প্রশাসক, ঢাকা এ সাময়িক বরখাস্ত আদেশটি সংশ্লিষ্ট কানুনগোকে জারি করে জারি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



৩-৬-২০১৯

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী

সচিব

ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩

ইমেইল:

pslandsecretary@gmail.com

নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.৮/১(১৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৬

০৩ জুন ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ৩) ভূমি মন্ত্রণালয়।
- ৪) সহকারী কমিশনার (ভূমি), লালবাগ রাজস্ব সার্কেল, ঢাকা
- ৫) জনাব এইচ এম মেজবাহ উদ্দিন, কানুনগো(সাময়িকভাবে বরখাস্ত), লালবাগ রাজস্ব সার্কেল, ঢাকা

৩-৬-২০১৯

মোঃ আব্বাছ উদ্দিন
উপসচিব

৩-৬-২০১৯
৩-৬-২০১৯

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর